অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/22/2024 **গভর্নর ক্যাথি হোকল**

নিউ ইয়র্ক জুড়ে হিংসা এবং অপরাধের হার কমার ফলে, গভর্নর হোকল স্টেটের এক অনন্য ক্রাইম অ্যানালাইসিস সেন্টারগুলোর জাতীয় স্বীকৃতির কথা ঘোষণা করলেন

অক্টোবরের শেষ পর্যন্ত গোলাগুলি 26 শতাংশ কমেছে এবং জুনের শেষ পর্যন্ত নিউ ইয়র্ক সিটির বাইরে অপরাধের হার 11 শতাংশ কমেছে

স্টেটের ডিভিশন অব ক্রিমিনাল জাস্টিস সার্ভিসেস, যারা স্থানীয় আইন প্রয়োগকারী এজেন্সিগুলোর সাথে অংশীদারিত্বে 11টি সেন্টারে অর্থায়ন এবং সহায়তা করে ছয়টি ফেডারেল এক্সিলেন্স ইন দ্য ফিল্ড অফ ক্রিমিনাল জাস্টিস অ্যাওয়ার্ডের একটি পেয়েছে

গুরুত্বপূর্ণ ডেটা অ্যানালাইসিস, তথ্য এবং তদন্তে সহযোগিতা করার মাধ্যমে 2023 সালে পরিষেবা দিতে ক্রাইম অ্যানালাইসিস সেন্টার নেটওয়ার্কের কর্মীরা 95,000টি অনুরোধ সামলেছিল যাতে স্থানীয় আইন প্রণয়নকারী এজেন্সিগুলোকে বাধা দিতে, তদন্তে এবং অপরাধের সমাধান করতে সাহায্য করা যায়

নিউ ইয়র্ক স্টেট জুড়ে হিংসা এবং অপরাধের হার ক্রমাগত কমার কারণে, গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) ঘোষণা করলেন যে স্টেটের ক্রাইম অ্যানালাইসিস সেন্টার নেটওয়ার্ককে একটি এক্সিলেন্স ইন দ্য ফিল্ড অফ ক্রিমিনাল জাস্টিস অ্যাওয়ার্ড দিয়ে স্বীকৃতি জানানো হয়েছে, সম্প্রতি উপস্থাপিত ছয়টির মধ্যে একটি মার্কিন যুক্তরাষ্ট্রের ডিপার্টমেন্ট অফ ডিপার্টমেন্ট অফ জাস্টিস ব্যুরো অফ জাস্টিস অ্যাসিস্ট্যান্স কর্তৃক তৈরি ব্যুরোর ফেডারেল আইনের 40 তম বার্ষিকী উপলক্ষে। স্থানীয় আইন প্রয়োগকারী সংস্থাগুলোর সাথে অংশীদারিত্বে স্টেটজুড়ে 11টি ক্রাইম অ্যানালাইসিস সেন্টারে (Crime Analysis Centers) স্টেট ডিভিশন অফ ক্রিমিনাল জাস্টিস সার্ভিসেস অর্থায়ন এবং সহযোগিতা করে। গুরুত্বপূর্ণ ডেটা অ্যানালাইসিস, তথ্য এবং তদন্তে সহযোগিতা করার মাধ্যমে 2023 সালে এই সেন্টারগুলোর কর্মীরা প্রায় 95,000টি অনুরোধ সামলেছিল, যা স্থানীয় আইন প্রয়োগকারী এজেন্সিগুলোকে বাধা দিতে, তদন্তে এবং অপরাধের সমাধান করতে সাহায্য করে। এছাড়াও গভর্নর বিশেষভাবে উল্লেখ করেছেন যে নিউ ইয়র্ক স্টেটের বন্দুক জড়িত সহিংসতা নির্মূল (Gun Involved Violence Elimination, GIVE) উদ্যোগে অংশগ্রহণকারী সম্প্রদায়গুলোর মধ্যে গোলাগুলিরর হারও অক্টোবরের শেষ পর্যন্ত 26 শতাংশ কমেছে এবং নিউ ইয়র্ক সিটির বাইরে এই বছরের প্রথম ছয়মাসের মধ্যে সামগ্রিক অপরাধের হার 11 শতাংশ কমেছে - যা স্থানীয় আইন প্রয়োগকারী সংস্থা এবং অন্যান্য অগুণিত

অপরাধ-দমনকারী প্রয়াসের সমর্থনে ক্রাইম অ্যানালাইসিস সেন্টারগুলোর কার্যকারিতা প্রদর্শন করে। আগ্নেয়াস্ত্র জড়িত সহিংস অপরাধের প্রায় 90 শতাংশ এবং নিউ ইয়র্ক সিটির বাইরে রিপোর্ট করা সহিংস অপরাধের 85 শতাংশ GIVE এখতিয়ারেই হয়।

"আমার পক্ষে যা করা সম্ভব সবটাই করছি যাতে নিউ ইয়র্কবাসীরা এবং তাদের পরিবারগুলো নিজেদের নিরাপদ বলে মনে করেন বলে নিশ্চিত করা যায়, যেটা সেই প্রথম দিন থেকে আমার শীর্ষস্থানীয় প্রাধান্যের বিষয়," **গভর্নর হোকল বলেন।** "এই লক্ষ্যে পৌঁছানোর জন্য নিউ ইয়র্ককে সহায়তার জন্য এবং জনসাধারণের নিরাপত্তায় একজন জাতীয় লিডার হিসাবে নিউ ইয়র্ককে আরও শক্ত করে তোলার জন্য আমি নিউ ইয়র্ক স্টেটের ডিভিশন অব ক্রিমিনাল জাস্টিস সার্ভিসেস এবং পুরো নিউ ইয়র্কের সহায়ক আইন প্রণয়নকারী সংস্থাগুলোর প্রশংসা করি।"

DCJS কমিশনার Rossana Rosado (রোশানা রোসাডো) বলেন, "স্থানীয়, স্টেট এবং ফেডারেল এজেন্সিগুলোর থেকে পাওয়া অভূতপূর্ব সমর্থন, সহযোগিতা এবং অংশীদারিত্ব ও এটির কাজকর্ম চালানোর জন্য সহায়তায় প্রয়োজনীয় অর্থের ব্যবস্থা আমাদের আছে বলে নিশ্চয়তা দিতে গভর্নর হোকলের চলমান প্রতিশ্রুতি ব্যতীত আমাদের ক্রাইম অ্যানালাইসিস সেন্টার নেটওয়ার্কের বিকাশ এবং উন্নতি সম্ভব হত না। DCJS এই স্বীকৃতি পেলেও, আমরা এটা সেই সকল অংশীদার এবং ক্রাইম অ্যানালিস্ট এবং আইন প্রণয়নকারী কর্মীদের সাথে সেটা ভাগ করে নিই, যারা দিনরাত ধরে কাজ করেন, পুলিশ এবং প্রসিকিউটরদের অপরাধ সমাধান করতে, শনাক্ত করতে এবং আটকাতে সাহায্য করেন এবং আমাদের স্টেটকে সকল নিউ ইয়র্কবাসীর জন্য আরও নিরাপদ করে তোলেন।"

ব্যুরো অফ জাস্টিসের অ্যাসিস্টেন্ট ডিরেক্টর, Karhlton Moore (কার্লটন মুর), ওয়াশিংটন D.C.-তে গত সপ্তাহের শেষের দিকে একটা অনুষ্ঠানে এই পুরস্কারটি হাতে তুলে দেন। রিডিউশিং ভায়োলেন্স ক্রাইম অ্যাওয়ার্ডের দুজন প্রাপকের মধ্যে একজন ছিল DCJS, যে পুরস্কার কোনো ব্যক্তি বা দলকে "কোনো নির্দিষ্ট এখতিয়ারে বা দেশজুড়ে সহিংস অপরাধ কমানোর একটি সফল দৃষ্টিভঙ্গি বিকাশ এবং বাস্তবায়নে তাদের উল্লেখযোগ্য অবদানকে" স্বীকৃতি দেয়। অন্য দুটি পুরস্কার - কো-ক্রিয়েটিং সেফার কমিউনিটিজ অ্যান্ড রিফর্মিং আওয়ার নেশন্স ক্রিমিনাল জাস্টিস সিস্টেম - প্রতি বিভাগে দুজন সম্মানীয়র হাতে তুলে দেওয়া হয়েছিল। DCJS ডেপুটি কমিশনার Mark Heller (মার্ক হিলার), যিনি অফিস অফ ক্রাইম অ্যানালাইসিস অ্যান্ড স্ট্র্যাটেজিক পার্টনারশিপস-এর কাজকর্ম দেখাশোনা করেন, তিনিই এজেন্সির হয়ে পুরস্কারটি গ্রহণ করেন।

- বিগত বছরের একই 10-মাস সময়ের তুলনায় 2024 সালের অক্টোবর পর্যন্ত আহত হওয়ার ঘটনা থাকা গোলাগুলির ঘটনার সংখ্যা 26 শতাংশ (525 বনাম 705) হ্রাস পেয়েছে, যা নিউ ইয়র্ক স্টেটের বন্দুক জড়িত সহিংসতা নির্মূল (Gun Involved Violence Elimination, GIVE) উদ্যোগে অংশগ্রহণ করা নিউ ইয়র্ক সিটির বাইরের 28টি পুলিশ বিভাগ জানিয়েছে। 2024 সালের 17 নভেম্বর পর্যন্ত গোলাগুলির ঘটনা 6 শতাংশ কমেছে (817 বনাম 865) বলেও নিউ ইয়র্ক সিটির পুলিশ বিভাগ জানিয়েছে।

- পুলিশ বিভাগ এবং শেরিফের অফিস থেকে দেওয়া প্রাথমিক তথ্য অনুযায়ী সবচেয়ে সাম্প্রতিক উপলভ্য ডেটার ভিত্তিতে 2023 সালের একই সময়ের তুলনায় 2024 সালের প্রথম ছয় মাসের মধ্যে নিউ ইয়র্ক সিটির বাইরে 57টি কাউন্টির অপরাধের সূচকে 11 শতাংশ হ্রাস দেখা গেছে। সার্বিক অপরাধের প্রচলন অনুধাবন করার জন্য অপরাধের সাতটি সূচক ব্যবহার করা হয়: চারটি সহিংস (খুন, ধর্ষণ, ডাকাতি, আগ্রাসী আক্রমণ) এবং তিনটি সম্পত্তি সম্পর্কিত (চুরি, লুটপাট, এবং মোটরযান চুরি)। 1 জানুয়ারি থেকে 30 জুন, 2024 পর্যন্ত সময়কে বিগত বছরের একই ছয় মাসের তুলনায় সবথেকে উল্লেখযোগ্য হ্রাস রিপোর্ট করা হয়েছে মোটরযান চুরিতে (-32 শতাংশ), এরপরে ধর্ষণে (-16 শতাংশ), এবং খুনে (-12 শতাংশ)। এছাড়াও NYPD 17 নভেম্বর, 2024 পর্যন্ত অপরাধের অভিযোগ 2 শতাংশ হ্রাস পাওয়ার রিপোর্ট করেছে।

প্রায় 210 জন ক্রাইম অ্যানালিস্ট, তদন্তকারী এবং অন্যান্য আইন প্রণয়নকারী কর্মীকে হয় DCJS অর্থায়ন করেছে বা অংশীদার স্থানীয়, স্টেট এবং ফেডারেল সংস্থাগুলো বরাদ্দ করেছে, 11টি কেন্দ্রে কর্মীরা অ্যালবানি, ব্রুম, ইরি, ফ্র্যাঙ্কলিন, মনরো, ওনিডা, ওনোন্ডাগা, অরেঞ্জ এবং সাফোক কাউন্টিগুলো এবং ম্যানহাটনে ছড়িয়ে আছেন। 57টি কাউন্টির 350টির বেশি আইন প্রণয়নকারী সংস্থা সেন্টারগুলোকে রেকর্ড ম্যানেজমেন্ট সিস্টেম অ্যাক্সেস দেয়, যার মধ্যে অন্যান্য ডেটা এবং তথ্য সূত্রের পাশাপাশি গ্রেপ্তার, রিপোর্ট করা অপরাধ, দূর্ঘটনার রিপোর্ট, ট্রাফিক টিকিট এবং পরিষেবার জন্য অন্যান্য ডাক; গার্হস্থ্য ঘটনার রিপোর্ট; প্যারোল এবং প্রোবেশনের রেকর্ড; এবং সরকারি সারভাইলেন্স ক্যামেরা সিস্টেম অন্তর্ভুক্ত রয়েছে।

11টি কেন্দ্রের কর্মীরা পরিষেবার জন্য অনুরোধের প্রতিক্রিয়া হিসাবে ডেটা এবং তথ্য বিশ্লেষণ এবং সংকলন করে, অফিসারদের রিয়েল-টাইম তদন্ত সহায়তা প্রদান করে যেহেতু তারা রিপোর্ট করা অপরাধের প্রতিক্রিয়া জানাচ্ছে; উদীয়মান অপরাধের প্রবণতা, অপরাধের ধরন, এবং পরিষেবার জন্য কলগুলোর বিশ্লেষণ করে যা অফিসার এবং সংস্থান বিস্তারে অবহিত করে; এবং বিস্তারিত ব্রিফিং দেয় যা তদন্তকারীদের পরিচালনা করা নির্দিষ্ট কেস সম্পর্কে পথ দেখায়। তাদের কাজ আইন প্রয়োগকারী সংস্থাগুলোকে হত্যা, গাড়ি চুরি, খুচরা অপরাধের চক্রগুলো সমাধান করতে এবং স্টেট জুড়ে বিভিন্ন সম্প্রদায় থেকে অবৈধ বন্দুক সরানোর সুযোগ দেয়।

ফেডারেল মদ, তামাক, আগ্নেয়াস্ত্র ও বিস্ফোরক সম্পর্কিত ব্যুরো (Bureau of Alcohol, Tobacco, Firearms and Explosives, AFT)-এর সাথে এক অনন্য অংশীদারিত্বের মাধ্যমে, সেন্টারগুলোতে অন-সাইন প্রযুক্তিও থাকে যা পুলিশ এবং শেরিফের তদন্তকারীদের শেল কেসিংয়ের প্রক্রিয়া করতে এবং বিভিন্ন ঘটনার মধ্য সম্ভাব্য মিল শনাক্ত করার সুযোগ দেয়। ATF-এর জাতীয় সমন্বিত ব্যালিস্টিক তথ্য নেটওয়ার্ক (National Integrated Ballistic Information Network, NIBIN) থেকে 24 থেকে 48 ঘণ্টার মধ্যে সাধারণত ফলাফল পাওয়া যায় এবং তাতে নির্ভুলতার হার 99.6 রয়েছে। সেন্টারের অ্যানালিস্টরা এই সমস্ত ফলাফল একত্রিত করেন এবং আরও তদন্তের জন্য পুলিশকে পথ দেখায়। নেটওয়ার্কের 11টি সেন্টার নিউ ইয়র্ক স্টেট ইন্টেলিজেন্স সেন্টারের সাথেও ডেটা এবং তথ্য শেয়ার করে, যা নিউ ইয়র্ক স্টেট পুলিশ দ্বারা চালিত; স্থানীয়ভাবে নাসাউ কাউন্টির লিড ডেভেলপমেন্ট সেন্টার পরিচালনা করে।

ডিভিশন অব ক্রিমিনাল জাস্টিস সার্ভিসেস সম্পর্কে

ডিভিশন অব ক্রিমিনাল জাস্টিস সার্ভিসেস স্টেটের অপরাধ ন্যায়বিচার ব্যবস্থার সকল দিকে অতি গুরুত্বপূর্ণ সমর্থন প্রদান করে, যার মধ্যে আইন প্রয়োগকারী এবং অন্যান্য অপরাধ

ন্যায়বিচার পেশাদারদের প্রশিক্ষণ প্রদান; একটি আইন প্রয়োগকারী স্বীকৃতি কর্মসূচির তত্ত্বাবধান; স্থানীয় আইন প্রয়োগকারীরা ব্রেথালাইজার এবং গতিসীমা প্রয়োগের সরঞ্জাম সঠিকভাবে ব্যবহার করছে কিনা তার নিশ্চিতকরণ; অপরাধ ন্যায়বিচার অনুদান তহবিল ব্যবস্থাপনা; নিখোঁজ ব্যক্তিদের কেস সামলানোর জন্য পুলিশ এজেন্সিগুলিকে সহায়তা প্রদান; স্টেটব্যাপী অপরাধ ও প্রোগ্রাম ডেটা বিশ্লেষণ; কাউন্টির প্রোবেশন বিভাগসমূহ এবং কারাগারের বিকল্প কর্মসূচির তত্ত্বাবধান; এবং কমবয়সীদের ন্যায়বিচার পলিসি সমন্বয় করা অন্তর্ভুক্ত, কিন্তু তা এইসবে সীমাবদ্ধ নয়। DCJSকে Facebook, Instagram, LinkedIn এবং X/Twitter এ অনুসরণ করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন